



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-৭৯/২০১৬/২২১১০

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

আশ্রাফপুর গণিয়া ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, ডাকঘরঃ আশ্রাফপুর, উপজেলাঃ কচুয়া, জেলাঃ চাঁদপুর-এর ফাজিল স্নাতক(পাস)বি,এ/বিএস.এস স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৩.০৫.২০২৩ খ্রিঃ তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির ফাজিল স্নাতক (পাস) বি,এ/বিএস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৬.০৩.২০২৩ খ্রিঃ থেকে ২৫.০৩.২০২৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

১. একাডেমিক কমিটি গঠন করে নিয়মিত ক্লাস এবং শিক্ষার্থীদের নিয়মিত ক্লাসে উপস্থিতি পর্যবেক্ষণ করে রিপোর্ট সংরক্ষণ করত: পাবলিক পরীক্ষাগুলোতে পরীক্ষার্থী সংখ্যা বৃদ্ধিতে সচেষ্ট হতে হবে।
২. প্রয়োজনে অভিভাবকদের সাথে যোগাযোগ করে ফাজিল স্তরে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে এবং শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে।
৩. “হৃদয়ে বঙ্গবন্ধু” কে স্বতন্ত্র কক্ষে ছানাস্তর করে মুক্তিযুদ্ধ বিষয়ক প্রামাণ্যচিত্রের ছবি এং বই দিয়ে আরো সমৃদ্ধ করতে হবে।
৪. অভিভাবক/মা সমাবেশের আয়োজন করে বাল্য বিবাহ, ইভটিজিং এবং যৌতুকের বিষয়ে সামাজিক সচেতনতা সৃষ্টি করতে হবে।
৫. ছাত্রীদের জন্য আলাদা কমনরুম এবং মহিলা শিক্ষকদের জন্য পৃথক শিক্ষক মিলনায়তনের ব্যবস্থা করতে হবে।
৬. শিক্ষার্থীদের সৃজনশীলতা বৃদ্ধির জন্য জাতীয় দিবসগুলোতে বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করতে হবে।
৭. নিয়মিত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ভিজিট করে নোটিশগুলো নোটিশ বোর্ডে প্রদর্শন করতে হবে।
৮. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

(Signature) 11.09.2023

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

আশ্রাফপুর গণিয়া ইসলামিয়া ফাজিল মাদ্রাসা
ডাকঘরঃ আশ্রাফপুর, উপজেলাঃ কচুয়া, জেলাঃ চাঁদপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-৭৯/২০১৬/২২১১০

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, আশ্রাফপুর গণিয়া ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, ডাকঘরঃ আশ্রাফপুর, উপজেলাঃ কচুয়া, জেলাঃ চাঁদপুর।
- ৭। অফিস নথি।

(Signature)
4.09.2023
(মুহাম্মদ লুৎফুর রহমান)

সেকশন অফিসার
মাদ্রাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৯৭০-৮৭৭৮৭৮